



সংলগ্নক “A”

ভারতীয় রিজার্ভ ব্যাংকের অন্তর-ব্যাংক হিন্দী প্রবন্ধ প্রতিযোগিতা – নিয়ম

1. এই প্রতিযোগিতা সরকারি ব্যাংক (সরকারি ব্যাংক দ্বারা পরিচালিত ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংক সহ), সরকারি অর্থনৈতিক সংস্থা তৎসহ ভারতীয় রিজার্ভ ব্যাংকে কর্মরত সমস্ত কর্মচারী / অধিকারিকদের জন্য এই প্রতিযোগিতাতে রাজভাষা আধিকারিক/ অনুবাদক অংশগ্রহণ করতে পারবেন না।
2. প্রবন্ধের শব্দ সংখ্যা 3000 থেকে 4000 –এর মধ্যে রাখা হয়েছো শব্দসীমা কঠোরভাবে প্রযোজ্য থাকছে এবং এই সীমা অমান্য করলে প্রতিযোগীদের প্রবন্ধ বাতিল বলে গণ্য করা হবে।
3. প্রবন্ধ A-4 মাপের কাগজের একদিকে টাইপ করে জমা দিতে হবে। হাতে লেখা প্রবন্ধও গ্রহণ করা হবে যদি হাতের লেখা পরিষ্কার ও পাঠযোগ্য হয়।
4. প্রতিযোগিতা মাতৃভাষা অনুসারে (i) হিন্দীভাষী (ii) মারাঠী, পঞ্জাবী ও গুজরাটী ভাষাভাষী (iii) উল্লেখিত (i) এবং (ii) সেগুলি বহির্ভূত অন্য হিন্দী অনুসারী ভাষাভাষীদের জন্য পৃথক পৃথক ভাবে আয়োজন করা হবে। প্রতিযোগিতা উল্লেখিত তিনটি বিষয়ের মধ্যে নিজেদের পছন্দমতো যে কোন একটি বিষয়ের উপর প্রবন্ধ লিখে পাঠাতে পারেন। প্রত্যেকটি বিষয়ের উপর প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পুরস্কার দেওয়া হবে।
5. অনুগ্রহ করে খেয়াল করুন যে কেবলমাত্র হিন্দীতে লেখা প্রবন্ধই গ্রহণ করা হবে।
6. প্রথম পুরস্কার নগদ 11,000/-, দ্বিতীয় পুরস্কার নগদ 7,000/-, তৃতীয় পুরস্কার নগদ 5,000/-।
7. প্রতিযোগিতার ফলাফল ব্যাংকগুলির প্রধান কার্যালয়ে পাঠিয়ে দেওয়া হবে এবং তারা সমস্ত শ্রেণীর কর্মচারীদের সেই ফলাফল জানিয়ে দেবেন। শুধুমাত্র পুরস্কার বিজয়ীদেরই আলাদাভাবে জানানো হবে।
8. সমস্ত প্রতিযোগীকে সংলগ্নিত ফরমা অনুসারে যে ব্যাংকে কর্মরত সেই ব্যাংকের মাধ্যমে নিজের মাতৃভাষা উল্লেখ করে এই প্রমাণপত্র দিতে হবে যে তাঁর প্রবন্ধটি মৌলিক এবং অন্যত্র এই লেখা পুরস্কার বা প্রকাশ করার জন্য পাঠান নি।
9. প্রতিযোগীরা প্রবন্ধের কোথাও নাম ঠিকানা ইত্যাদি লিখতে পারবেন না অন্যথায় প্রবন্ধ জমা পাওয়ার প্রাপ্তি স্বীকার করা হবে না।
10. প্রবন্ধে উদ্ধৃতি ইত্যাদি ব্যবহার করলে তার উৎস-এর উল্লেখ করতে হবে।
11. পরপর তিন বছর পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিদের চতুর্থ বছর পুরস্কার না দিয়ে শ্রেষ্ঠতা প্রমাণপত্র দেওয়া হবে। পঞ্চম বর্ষ থেকে তিনি সাধারণভাবে পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন।
12. প্রতিযোগিতা সম্বন্ধে রিজার্ভ ব্যাংকের সিদ্ধান্ত অন্তিম হবে এবং প্রতিযোগীরা সেই সিদ্ধান্ত মানে বাধ্য থাকবেন।
13. প্রবন্ধ পাঠাবার শেষ তারিখ 30শে নভেম্বর, 2016 (বুধবার)
14. প্রতিযোগিতাতে অংশগ্রহণকারী আধিকারিক/ কর্মচারী বৃন্দ নিজেদের সম্বন্ধিত শাখা/বিভাগ –এর মুখ্য অধিকারীর থেকে প্রাপ্ত প্রমাণপত্র সহ তাঁদের লেখা নীচের ঠিকানাতে সরাসরি পাঠান:

মহাপ্রবন্ধক

ভারতীয় রিজার্ভ ব্যাংক

রাজভাষা বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়

সি 9, দ্বিতীয় তল, বান্দ্রা কুর্লা কমপ্লেক্স

বান্দ্রা (পূর্ব), মুম্বাই- 400 051

15. প্রতিযোগিতার বিজয়ীদের রিজার্ভ ব্যাংকের বার্ষিক রাজভাষা পুরস্কার বিতরণ সমারোহ অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে এবং সমারোহ অনুষ্ঠানে যোগদানকারী বিজয়ীদের সম্বন্ধিত ব্যাংক উপস্থিত (on-duty) দিন বলে গণ্য করবে।
16. পুরস্কৃত প্রবন্ধগুলির উপর সার্বিক অধিকার থাকবে ভারতীয় রিজার্ভ ব্যাংকের পুরস্কার বিজেতার। প্রবন্ধগুলি অন্যত্র প্রকাশ করতে পারবেন না।